




ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2

ISO 9001:2015 Certified



কাঠালী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemensinghpbstwo

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০১.০৩৮.২০.২২১৩

তারিখঃ-১২/০৫/২০২০ইং।

বিষয়ঃ- RFQ পদ্ধতিতে হেলমেট সরবরাহের পুণঃ দরপত্র বিজ্ঞপ্তি।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জন্য নিম্নোক্ত বর্ণনা মোতাবেক হেলমেট সরবরাহের নিমিত্তে পবিসের নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে লেটার হেড প্যাডে সীলমোহরকৃত পুণঃ দরপত্র আহবান করা যাইতেছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	টাকা		দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
			একক মূল্য	মোট মূল্য	গ্রহণ	খোলা
	০২	০৩			০৪	০৫
০১	হেলমেট, ব্রান্ডঃ এসটিএম চায়নার তৈরী (নমুনা অনুযায়ী)	১০০টি			১৮/০৫/২০২০ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।	১৮/০৫/২০২০ইং তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায়।

দরপত্র দাখিল ও অন্যান্য শর্তাবলীঃ


- ০১। আগ্রহী দরদাতাগন অফিস সময়ে নিম্ন ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন।
- ০২। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে/ডাকযোগে/ কুরিয়ার যোগে ময়মনসিংহ পবিস-২ এর সদর দপ্তর/পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা এই ঠিকানায় পৌছাতে হইবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হইবে। বর্ণিত সময়সূচী অনুযায়ী দাখিলকৃত সকল দরপত্র স্ব স্ব দাখিলকৃত স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- ০৩। হেলমেটের নমুনা অত্র পবিস এর সদর দপ্তরের প্রশাসন বিভাগ হতে প্রতিদিন অফিস সময়কালীন পর্যন্ত দেখা যাইবে। নমুনা না দেখিয়া দরপত্র দাখিল করিলে দায়-দায়িত্ব দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে।
- ০৪। কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে মালামাল সরবরাহ করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করিতে ব্যর্থ হইলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের উপর ০.১% হারে জরিমানা কর্তন করা হইবে।
- ০৫। মালামাল সরবরাহের পর কর্তৃপক্ষের নিকট মালামালের গুণগত মান সন্তোষজনক বিবেচিত হইলে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক সরাসরি একাউন্টপেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে। তবে মালামালের মূল্য পরিশোধের ক্ষেত্রে অন্য কোন শর্ত থাকিলে তাহা সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- ০৬। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যখার প্রয়োজন হইলে উহা দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।
- ০৭। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন ও ব্যাংক সলভেন্সী সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে। সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হইবে।
- ০৮। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারন দর্শনো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করিবার অধিকার সংরক্ষন করে।
- ০৯। দরপত্রে উল্লেখ নাই এমন কোন সমস্যার উদ্ভব হইলে সমিতির কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলিয়া বিবেচিত হইবে।


(মোঃ শাহজাহান করিম)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (দরপত্র গ্রহনের অনুরোধসহ)
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি, বাপবিবোর্ড, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবোর্ড, ময়মনসিংহ
- ০৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ/গাজীপুর।
- ০৫। পুলিশ সুপার, ময়মনসিংহ/গাজীপুর।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/গণপূর্ত/সড়ক ও জনপদ) ময়মনসিংহ/গাজীপুর।
- ০৮। ডিজিএম(মাওনা/গফরগাঁও/শ্রীপুর/টেকনিক্যাল) মপবিস-২।
- ০৯। এজিএম (অর্থ-হিসাব)/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস) মপবিস-২।
- ১০। সহঃ প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, ময়মনসিংহ পবিস-২।
- ১১। সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মপবিস-২ (ওয়েব সাইটে আপলোড করবেন)।
- ১২। নোটিশবোর্ড, মপবিস-২।
- ১৩। মেসার্স-----।
- ১৪। অফিস কপি/ মাস্টার কপি।

(বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে
প্রচারের জন্য অনুরোধ করা
হইল)


(মোঃ শাহজাহান করিম)
জেনারেল ম্যানেজার